কোটচাঁদপুরে যৌথ বাহিনীর অভিযানে ৮ জুয়াড়ি আটক

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার পারলাট গ্রামের একটি মেহগনি বাগানে অভিযান চালিয়ে জুয়া খেলার সরঞ্জাম, বাংলা মদ ও নগদ টাকাসহ আট জুয়াড়িকে আটক করেছে যৌথ বাহিনী।

গতকাল মঙ্গলবার (১৭ ডিসেম্বর) রাতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। এ সময় জুয়ার বোর্ডের মালিক হারুনসহ অন্যান্যরা পালিয়ে যেতে সক্ষম হয়।

আকটকৃতরা হলেন কোটচাঁদপুরের সলেমানপুর গ্রামের আব্দুল মালেকের ছেলে সেলিম, একই উপজেলার পারলাট গ্রামের ওয়াহাবের ছেলে বাবর আলী, আব্দুল কাদেরের ছেলে আসাদুল হক, ঝিনাইদহ শহরের নতুনকোর্টপাড়ার আইয়ুব মুন্সির ছেলে মো: শাহিন, কালীগঞ্জ উপজেলার হেলাই গ্রামের ফকির আহম্মেদের ছেলে মোঃ রবিউল ইসলাম, একই গ্রামের সাহাজ উদ্দীনের ছেলে মনির উদ্দীন, কোটচাঁদপুর আদর্শপাড়ার মালেক সরদারের ছেলে অমেদুল সরদার ও ঝিনাইদহ সদর উপজেলার নারায়নপুর গ্রামের নাওশাদ শাহ’র ছেলে আহসান হাবিব।

অভিযানকালে যৌথ বাহিনী ঘটনাস্থল থেকে ১৩ হাজার ৬৫৯ টাকা, জুয়ার ওয়ান টেন বোর্ড, ডার্ক পিন, জুয়ার গুটি, মদ, মোমবাতি, গোলাপ পানি ও বেশ কয়েকটি মোবাইল সেট জব্দ করে।

আটককৃতারা পুলিশকে জানিয়েছেন, ঝিনাইদহের বিপ্লব ও কোটচাঁদপুরের হারুন এই জুয়ার বোর্ডের মালিক। ৫ আগস্টের পর কোটচাঁদপুরের বিভিন্ন গ্রামে এই চক্রটি গোপনে জুয়া খেলা চালিয়ে আসছিল। এসব জুয়ার বোর্ডে দেশের দক্ষিণাঞ্চলের জেলা থেকে আগত জুয়াড়িরা অংশ নিয়ে থাকে।

কোটচাঁদপুর মডেল থানার ওসি কবির হোসেন মাতব্বর খবর নিশ্চিত করে জানান, আটক জুয়াড়িদের আজ বুধবার সকালে কোর্টে চালান করা হয়েছে।তাদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইনে মামলা হয়েছে।

কোটচাঁদপুরে জাতীয়তাবাদী কৃষক দলের ৪৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মুল ধারার বিএনপি বাদ দিয়ে বিএনপি করা যাবে না। তাই, ঐক্যবদ্ধ থেকে নিজেদের মধ্যে দ্বিধা-দ্বন্দ্ব ভুলে দেশনায়ক তারেক রহমানের নেতৃত্বে বিএনপিকে ক্ষমতায় আনতে হবে।

আজ বুধবার (১১ ডিসেম্বর) বিকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর কৃষক দলের আয়োজনে জাতীয়তাবাদী কৃষক দলের (৪৪) তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা শেষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষনা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

তিনি আরো বলেন, ১৯৭২ সাল থেকে ৭৫ পর্যন্ত শেখ মুজিব বাংলাদেশে নির্বিচারে রাজনৈতিক বিরোধীদের হত্যা করেছিল। অন্তত ৪০ হাজার মানুষকে হত্যা করেছিল রক্ষীবাহিনী। শেখ হাসিনাও তার বাবার মতো মানুষ হত্যা করে ক্ষমতায় চিরদিন থাকার দুঃস্বপ্ন দেখেছিল। শেখ হাসিনা দীর্ঘ ১৬ বছরে কয়েক হাজার রাজনৈতিক নেতাকর্মীকে হত্যা-গুম করেছে।

জুলাই আগস্টের ছাত্র-জনতার আত্মত্যাগ স্মরণ করে তিনি বলেন, শেখ হাসিনা ভেবেছিল তার কখনো পতন হবে না। দেশের লাখ লাখ কোটি টাকা লুটপাট করে বিদেশে বেগমপাড়া বানিয়েছে শেখ হাসিনা ও তার সাঙ্গপাঙ্গরা। চারবারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছিলেন, হাসিনা দেশটাকে ধ্বংস করে একদিন পালাবে। আজ হাসিনা ঠিকই পালিয়ে গেছে। সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা কৃষক দলের আহ্বায়ক রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কৃষক দলের সহ-সাধারণ সম্পাদক ইঞ্জিঃ মোমিনুর রহমান মোমিন।

উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, পৌর বিএনপি সাধারণ সম্পাদ আবুল কাশেম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন-অর রশিদ, পৌর বিএনপি সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন,

পৌর যুব দলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা কৃষক দলের সদস্য সচিব বাবু, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, সদস্য সচিব হাফিজুর রহমান প্রমুখ। আলোচনা সভা সঞ্চালনা করেন পৌর কৃষক দলের আহ্বায়ক কৃষিবীদ ফিরোজ উদ্দিন মানিক, সার্বিক তত্ত্বাবধানে ছিলেন উপজেলা কৃষক দলের যুগ্ম আহ্বায়ক আবুল কাশেম। এ সময় বিএনপি, যুবদল, ছাত্রদল, স্বেচ্ছাসেবকদল, কৃষক দল, শ্রমিকদল সহ সকল অঙ্গ সংগঠনের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে প্রাইভেট কার ও চোর চক্রের এক সদস্য আটক, ৪টি ছাগল উদ্ধার

অবশেষে জনতার হাতে ধরা পড়েছে চোরাই ছাগলসহ সেই প্রাইভেট কারটি। গতকাল মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুরের সাবদারপুর মকছেদ মোড় থেকে তাদেরকে আটক করা হয়। ওই ঘটনায় থানায় মামলা হয়েছে।

জানা যায়, গতকাল মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুর সিনেমা হল পাড়া থেকে দুইটি ছাগল চুরি করে পালানোর সময় দেখতে পান ছাগলের মালিক সুমি খাতুন। এ সময় তিনি পাশের বাড়ির বাঁধন রাজবীর (নিশু)কে ঘটনাটি বলেন। এরপর নিশু তাঁর মটর সাইকেল নিয়ে ধাওয়া করেন প্রাইভেট কারটিকে। চোরেরা ধাওয়া খেয়ে বেশ কয়েক বার নিশুকে ফেলে দেবার চেষ্টা করেন । এরপরও প্রাইভেট কারটি ধরতে সে ছিল নাছোড় বান্দা। অবশেষে জনতার সহায়তায় কোটচাঁদপুর সাবদারপুর মকছেদ মোড় থেকে প্রাইভেট কারটি আটকাতে সক্ষম হন নিশু।

এ সময় বাবু মন্ডল নামের একজনকে আটক করতে পারলেও পালিয়ে যান অনিক নামের আরেক চোর। প্রাইভেট থেকে উদ্ধার হয় চোরাই ৪ টি ছাগল। পরে সাবদারপুর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) রফিকুল ইসলামের কাছে তাদেরকে হস্তান্তর করা হয়। বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানায় মামলা হয়েছে। মামলা নাম্বার ৪, তারিখ-১০-১২-২৪। এর আগে এই চোর চক্র কোটচাঁদপুরের নওদাগ্রামের মশিয়ার রহমানের ছাগল চুরি করে নিয়ে যান। এ ছাড়া সম্প্রতি কোটচাঁদপুর সিনেমা হল পাড়া থেকে চুরি করেন

[redacted]

[redacted]

কোটচাঁদপুরে বসত ঘর ভেঙ্গে রাস্তা করার প্রতিবাদে সংবাদ সম্মেলন

বসত ঘর ভেঙ্গে রাস্তা করার প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন ভুক্তভোগী আয়ুব হোসেন। আজ শুক্রবার সকালে কোটচাঁদপুরের জালালপুর গ্রামের নিজ বাড়িতে এ সম্মেলন করেন তিনি।

সংবাদ সম্মেলন লিখিত বক্তব্য পাঠ করেন, ভুক্তভোগী আয়ুব হোসেন। এ সময় উপস্থিত ছিলেন,ভুক্তভোগী আয়ুব হোসেনের পিতা,মাতা,ভাই ও বোনেরা।

তিনি বলেন,কোটচাদপুর উপজেলার ৫৩ নং জালালপুর মৌজার জমিতে আমাদের পৈত্রিক বসত বাড়ি। ওই
জমিতে আমরা দীর্ঘদিন বসবাস করে আসছি। বেশ কিছু দিন ধরে ওই গ্রামের সাবেক ইউপি সদস্য ছবদুল বিশ্বাস ও তাঁর সহযোগীরা আমাদের ওই বসত ঘর ভেঙ্গে দিয়ে রাস্তা তৈরী করতে বিভিন্ন ধরনের বাহানা ও হুমকি ধামকি সহ মারপিটেরও ঘটনা ঘটিয়েছে।

তিনি অভিযোগ করে বলেন,ছবদুল বিশ্বাস ইতোমধ্যে আমাদের বসতবাড়ীর উত্তর পার্শ্বের ০৩ ফুট জমি দখল করেছেন। তৈরি করেছেন ওই দখল করা জমিতে গরুর ফার্ম। তিনি এখন ওই গরুর ফার্মের ময়লা আবর্জনা, গরুর মলমূত্র আমার বসতবাড়ীর আঙ্গিনায় ফেলছেন। যাতে করে দূষিত হচ্ছে পরিবেশ। স্বাস্থ্য ঝুঁকিতে আছি আমরা। বিনস্ট হচ্ছে আমাদের ফলজ গাছসহ অনেক গাছগাছালি।

বিষয়টি নিয় পূর্বে বেশ কয়েকবার তাকে নিষের করা হয়েছে। তবে তিনি তা কর্ণপাত করেননি। এখন ছবদুল বিশ্বাস নির্দেশে তাঁর সহযোগী অহিদুল ইসলাম ও আহসান হোসেন মিলে নতুন ষড়যন্ত্রে মেতেছেন। তারা এখন জোরপূর্বক আমার বসত ঘর ভেঙ্গে দিয়ে চলাচলের রাস্তা তৈরির পায়তারা করছেন।

আয়ুব হোসেন বলেন,ঘটনাটি আমরা জানার পর তাদের সঙ্গে বাকবিতন্ডা হয়। এ সময় তারা আমার ও আমার পরিবারের কয়েক জনকে মারপিট করেন। এ ব্যাপারে কোটচাঁদপুর থানায় অভিযোগ করা হয়। এতে করে ছবদুল বিশ্বাস ও তাঁর সহযোগীরা আমাদের উপর আরো ক্ষিপ্ত হয়।

এরপেক্ষিতে তারা গেল ০২/১২/২০২৪ তারিখে রাত ১১.০০ ঘটিকার সময় তার সন্ত্রাসী বাহিনী নিয়ে এসে আমাদের বসত বাড়ি, রান্নাঘর, কবুতরঘর ভেঙ্গে দেন। কেটে দেন ফলজ ও বনজ গাছ-পাছালি।

এ সময় আমি কোটচাদপুর মডেল থানা ও তালসার পুলিশ ক্যাম্পে কল করা হলেও আইনশৃঙ্খলা বাহিনির কেউ কোন সহায়তায় এগিয়ে আসেনি। এরপর তারা আমাকে ঢিল দিয়ে আঘাত করেন। এতে আমি গুরুতর আহত হয়। পরে প্রাণভয়ে চিৎকার করে আমি বাড়ি থেকে পালিয়ে বের হয়ে যায়। এরপর তারা আমাকে খুঁজে বেড়ায় এবং বলেন যেখানেই পাইবে আমাকে সেখানেই শেষ করে দেবে।

বর্তমানে আমার ও আমার পরিবারের মানুষের প্রাণ সংশয় রয়েছে। এ কারন কোন উপায় না দেখে আমি আপনাদের সহায়তা কামনা করছি। আপনারা আপনাদের লেখনির মাধ্যমে প্রকৃত ঘটনা সমাজের মানুষের মাঝে তুলে ধরেন। সাথে সাথে সুষ্ঠু তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট কর্তব্যক্তিদের হস্তক্ষেপ কামনাও করেছেন ভুক্তভোগী আয়ুব হোসেন।

এ ব্যাপারে সাবেক ইউপি সদস্য ছবদুল বিশ্বাস বলেন, ওই ঘটনা নিয়ে মিটিং চলছিল। এ সময় মিটিং থাকা কিছু ছেলেরা এ কাজটি করেছেন। যা করা তাদের ঠিক হয়নি। তবে ওই ঘটনার পুরো দোষারোপ তারা আমাকে করছেন।
কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন,ঘটনাটি আমি শুনেছি। এ ছাড়া তারা ওই ঘটনা নিয়ে থানায় একটা অভিযোগ ও করেছেন। আমি বিষয়টি দেখার জন্য ওই ইউনিয়নের চেয়ারম্যানের কাছে অভিযোগটি পাঠিয়েছি।

শিক্ষক নিবন্ধন সনদ ভুয়া, শাস্তির মুখে শিক্ষক আবুল

[redacted]

[redacted] [redacted] [redacted] [

কোটচাঁদপুরে কৃষকদলের সংবাদ সম্মেলন

কোটচাঁদপুর উপজেলার সদ্য গঠিত কৃষকদলের আহ্বায়ক কমিটি বাতিল ও জেলা কৃষকদলের আহ্বায়ক ওসমান আলী বিশ্বাসের সকল পদ থেকে অপসরনের দাবিতে সংবাদ সম্মেলন করেছেন উপজেলা কৃষকদল। আজ রবিবার বিকেলে স্থানীয় পোস্ট অফিস মোড়ের একটি কক্ষে এ সংবাদ সম্মেলন করেন দলটি।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, কোটচাঁদপুর উপজেলা বিএনপির সাহিত্য বিষয়ক সম্পাদক মোহাম্মদ আলী। এ সময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সহসভাপতি আবুবক্কর বিশ্বাস,জেলা বিএনপির সদস্য ও সাবেক উপজেলার ভাইস চেয়ারম্যান একরামুল হক,উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, পৌর বিএনপির যুগ্ন সম্পাদক ও সাবেক পৌর কাউন্সিলর কামাল হোসেন, পৌর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক শামসুজ্জামান তুহিন।

তিনি অভিযোগ করে বলেন,গেল ০৬-১১-২০২৪ ইং তারিখে কোটচাঁদপুর প্রিজন ক্লাবের সামনে বাংলাদেশ জাতীয়তাবাদী কৃষক দলের কোটচাঁদপুর উপজেলা শাখার আহবায়ক কমিটি গঠনের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়। সভায় শতশত নেতা-কর্মী উপস্থিত ছিলেন।

এ সময় ঝিনাইদহ জেলা কৃষক দলের আহবায়ক ওসমান আলী বলেন, গেল ৫ই আগস্ট তারিখের পূর্বে যে সমস্ত নেতা-কর্মী হামলা মামলার শিকার হয়েছেন তাদেরকে কোটচাঁদপুর উপজেলা কৃষকদলের আহবায়ক কমিটিতে প্রাধান্য দেয়া হবে।

তিনি আরো বলেছিলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দলের স্থানীয় নেতৃবৃন্দের সমন্বয়ে যে নিরপেক্ষ কমিটি গঠন করে দিবেন তিনি সেই কমিটি অনুমোদন করবেন। অথচ তিনি তা না করে গেল ২৮-১১-২০২৪ তারিখে স্থানীয় নেতৃবৃন্দের সুপারিশবিহীন বিহীন শুধুমাত্র আহ্বায়কের

[redacted]

“[redacted]” [redacted] [redacted] [redacted]

কোটচাঁদপুরে বাস মালিক সমিতির মতবিনিময় সভা অনুষ্ঠিত

“আমরা স্বাধীনতা এনেছি সংস্কার আনবো” এই প্রতিপাদ্য কে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে যশোর, কালিগঞ্জ ও চুয়াডাঙ্গা বাস মালিক সমিতির সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মালিক সমিতির দ্বন্দ্বে দীর্ঘ পাঁচ বছর যশোর টু চুয়াডাঙ্গা সড়কে সরাসরি বাস চলাচল বন্ধ থাকার কারণে সাধারণ মানুষের হয়রানি লাঘবের জন্য সরাসরি বাস চলাচলের দাবিতে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আয়োজনে আজ শনিবার বিকালে পৌর পাঠাগার মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহ্বায়ক কমিটির সংগঠক হৃদয় আহসান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজুল ইসলাম। প্রধান আলোচক পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সহ-সভাপতি আবু বকর বিশ্বাস , উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রস্তাবিত উপদেষ্টা ও সাবেক উপজেলা বিএনপির সভাপতি নুরুজ্জামান বিশ্বাস, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মুহাবিয়া হোসাইন, কালিগঞ্জ বাস মালিক সমিতির সভাপতি ফরিদ উদ্দিন, মহেশপুর বাস মালিক সমিতির সভাপতি এম এ ওয়াদুদ, যশোর বাস মালিক সমিতির সভাপতি মুসলিম উদ্দিন, যশোর মালিক সমিতির সিনিয়র সহ-সভাপতি শফিউল আলম, চুয়াডাঙ্গা বাস মালিক সমিতির সভাপতি হাসান ইমাম, কালিগঞ্জ বাস মালিক সমিতির সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন তপন, চুয়াডাঙ্গা বাস মালিক সমিতি সাধারণ সম্পাদক মইন উদ্দিন মুক্তির, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ঝিনাইদহ জেলা শাখার সদস্য সচিব সাইদুর রহমান, জামায়াতে ইসলামী পৌর শাখার আমির মাওলানা নজির আহমেদ, সেক্রেটারি মাওলানা আব্দুল কাইয়ুম, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাবের সভাপতি মইন উদ্দিন খান, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার প্রমুখ।

মতবিনিময় সভা পরিচালনা করেন সাইফুল ইসলাম শিলু। সে সময় সরাসরি

বাস চলাচলের জন্য গুরুত্বপূর্ণ আলোচনা শেষে সবাইকে আশ্বস্ত করেন খুব শিগগিরই সরাসরি বাস চলাচল করবে বলে জানান নেতৃবৃন্দ। এ সময় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ, শিক্ষক, ছাত্র, ছাত্রী, বাস মালিক সমিতি, শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণসভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর ২০২৪ সালের জুলাই- আগস্টে ছাত্র- জনতার গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণে তাদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে স্মরণসভা অনুষ্ঠিত হয়।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টায় কোটচাঁদপুর অফিসার্স ক্লাবে এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার উছেন মের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা আমানউল্লাহ, কোটচাঁদপুর মডেল থানার ওসি (তদন্ত) স্বপন কুমার, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহুরুল ইসলাম,পল্লীসঞ্জয় কর্মকর্তা শাইলা শারমিন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, প্রাথমিক শিক্ষক কর্মকর্তা সাখি সালমা, একাডেমিক সুপারভাইজার ফারুক হোসেন, কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইছাহক আলী।

এছাড়াও বক্তব্য রাখেন ঝিনেদাহ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন আহ্বায়ক কমিটির সংগঠক হৃদয় আহসান, সাইফুল ইসলাম শিলু, তুহিন রহমান।

তত্ব কর্মকর্তা তানিয়া সুলতানার সঞ্চালনায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের যুগ্ম সদস্য সচিব আল শাহরিয়ার অভিক, ফায়েজ আহম্মেদ, দেলোয়ার হোসেন দিলু, মোহাম্মদ আবীর হোসেন, আল মাসুদ প্রত্যয়, হাবিবুর রহমান সহ অনেকে।